



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,  
ঢাকা-১০০০।

ফোন : ৯৫৫৬৯১১, ৯৫১৪৬৯২  
পিএবিএক্স : ৯৫৬০০২১-২৫/২৩৩  
৯৫৬০০৩১-৩৫/২৭৪  
ই-মেইল : dgmpd2@krishibank.org.bd  
www.krishibank.org.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

সার্কুলার লেটার নং- ০৭/২০১৯

তারিখ : ২৫-০৭-২০১৯ ইং

বিষয় : কর্মকর্তা ও কর্মচারীদের বদলী প্রসঙ্গে।


শিরোনামে বর্ণিত বিষয়ে বিকেবি, কর্মকর্তা ও কর্মচারীদের বদলী নীতিমালা, ২০১৮ সংক্রান্ত প্রশাসন পরিপত্র নং ০৯/২০১৮ তারিখ ১১-০৬-২০১৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্ত নীতিমালার অনুচ্ছেদ নং ০৬ এ নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়েছে :

“শাখা প্রধান হিসেবে এবং শাখার ক্যাশের দায়িত্বে নিয়োজিত কোন কর্মকর্তা/কর্মচারী-কে একই শাখায় ১ টার্ম অর্থাৎ ৩(তিন) বছরের অধিক সময় নিয়োজিত রাখা যাবে না।”

০২। গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, বদলী সংক্রান্ত নীতিমালায় উপরোক্ত নির্দেশনা থাকা সত্ত্বেও তা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না। কোন কোন শাখা ব্যবস্থাপক এবং শাখার ক্যাশের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী ১(এক) টার্ম অর্থাৎ ৩(তিন) বছরের অধিক সময় একই কর্মস্থলে কর্মরত রয়েছেন, যা ব্যাংকের প্রচলিত বিধানের পরিপন্থি। এরূপ কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সৃষ্ট আর্থিক/প্রশাসনিক অনিয়মের দায় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী এড়াতে পারেন না।

০৩। এমতাবস্থায়, শাখার সাময়িক কার্যক্রম সৃষ্ট ও সুচারুরূপে পরিচালনার নিমিত্তে শাখা ব্যবস্থাপক এবং শাখার ক্যাশের দায়িত্বে ৩(তিন) বছর বা তদূর্ধ্ব সময় একই কর্মস্থলে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীকে আগামী ৩১ জুলাই, ২০১৯ এর মধ্যে বদলী/সমন্বয়পূর্বক হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা-কে অবহিত করার জন্য বিভাগীয় মহাব্যবস্থাপকগণকে পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

  
(মোহাম্মদ সেলিম খান)

সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)


ফোনঃ ৯৫৫৬৯১১

প্রকা/এইচআরএমডি-১/সেকশন-২/১৫(১)(৬)/২০১৯-২০২০/৪৭১

তারিখ : ২৫-০৭-২০১৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের মহোদয়ের দপ্তর, বিকেবি/ অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
- ০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ০৯। নথি/মহানথি।

  
(রাম প্রসাদ ঘোষ)  
সহকারী মহাব্যবস্থাপক